



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল  
সাধারণ শাখা  
[www.barisaldiv.gov.bd](http://www.barisaldiv.gov.bd)



পোষ ১৪২৯

নম্বর: ০৫.১০.০০০.০০৩.১১.০০২.২২- ৭৪২

তারিখ: -----

২০ ডিসেম্বর ২০২২

**বিষয় :** ধূমপান ও তামাক মুক্ত বরিশাল বিভাগ গঠনের লক্ষ্যে আঠারো (১৮) বছরের কম বয়সীদের নিকট ধূমপান ও তামাকজাত দ্রব্য বিক্রয় বন্ধে সচেতনতামূলক ও আইনানুগ কার্যকরী ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে তামাকজনিত রোগে আক্রান্ত হয়ে প্রতিবছর প্রায় ১,৬১,০০০ এর অধিক মানুষ (দি টোব্যাকো এটলাস, ২০১৮) মারা যায়। বাংলাদেশ সরকার বিশ্ব স্বাস্থ্য সংহ্রাহ Framework Conversion on Tobacco Control (FCTC) স্বাক্ষর ও অনুসরণ করেছে এবং এর আলোকে “ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫” পাস করে। পরবর্তীতে ২০১৩ সালে আলোচ্য তামাক নিয়ন্ত্রণ আইনে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন ও ২০১৫ সালে বিধিমালা জারি করা হয়। ৩১ জানুয়ারি, ২০১৬ খ্রি: তারিখে ঢাকায় অনুষ্ঠিত সাউথ এশিয়ান স্পিকার্স সামিটের সমাপনী অধিবেশনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ২০৪০ সালের মধ্যে বাংলাদেশ থেকে তামাক নির্মূলের ঘোষণা দিয়েছেন।

ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার ও বিক্রয় হাস করার জন্য ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ সনের ০৬ এর ক ধারায় অপ্রাপ্ত বয়স্ক ব্যক্তির নিকট তামাক বা তামাকজাত দ্রব্য বিক্রয় নিষিদ্ধ করে সুস্পষ্ট বিধান জারি করা হয়েছে। তামাক কোম্পানীগুলো তামাকজাত দ্রব্য বিক্রয়ের জন্য প্রধানত স্কুল-কলেজের ছেলে মেয়েদের টার্গেট করে। কেতুহলবশত: তরুণ ছেলে-মেয়েরা ধূমপানে আকৃষ্ট হয়। ধূমপান ও তামাকজাত দ্রব্য (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ এর ৬ (ক) ধারায় অপ্রাপ্ত বয়স্ক ব্যক্তির নিকট তামাক বা তামাকজাত দ্রব্য বিক্রয় নিষিদ্ধ করা হয়েছে। কোনো ব্যক্তি অপ্রাপ্ত বয়স্ক ব্যক্তির নিকট তামাকজাত দ্রব্য বিক্রয় করলে তাকে পাঁচ হাজার (৫,০০০/-) টাকা পর্যন্ত জরিমানা দণ্ড প্রদান করা যাবে। কোনো ব্যক্তি এই অপরাধ দ্বিতীয়বার বা পুনঃপুন: করলে পর্যায়ক্রমে দণ্ড দিগুণ হবে।

এমতাবস্থায়, আঠারো বছরের কম বয়সীদের নিকট ধূপমান ও তামাকজাত দ্রব্য বিক্রয় বন্ধ নিশ্চিত করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান সংলগ্ন দোকানসমূহে যাতে তামাকজাত দ্রব্য বিক্রয় না হয় সে বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

*অবস্থা* ২০.১২.২২

মোঃ আমিন উল আহসান

বিভাগীয় কমিশনার

বরিশাল

ফোন: ০২৪৭৮৮-৬৫০৩৮

ই-মেইল: [divcombarisal@mopa.gov.bd](mailto:divcombarisal@mopa.gov.bd)

*অবস্থা*

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট

বরিশাল/পটুয়াখালী/ভোলা/পিরোজপুর/বরগুনা/ঝালকাঠি।

বিতরণ : সদয় জ্ঞাতার্থে (জ্যোতিতার ক্রমানুসারে নয়):

০১. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. অতিরিক্ত সচিব ও সমন্বয়কারী, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. উপ মহাপুলিশ পরিদর্শক, বরিশাল রেঞ্জ, বরিশাল
০৫. পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল
০৬. আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল
০৭. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল
০৮. আঞ্চলিক পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বরিশাল অঞ্চল, বরিশাল